

ছাত্রলীগ কর্মীদের ছাদ থেকে ফেলার কাণ্ডে আরেকটি মামলা

চট্টগ্রাম বুরো

২৯ জুলাই ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



কোটা সংস্কারের আন্দোলন চলাকালে চট্টগ্রাম নগরীর মুরাদপুরে ছাত্রলীগ কর্মীদের ছাদ থেকে ফেলে দেওয়ার অভিযোগে আরও একটি নতুন মামলা দায়ের করা হয়েছে। এ নিয়ে সংঘাত, প্রাণহানি ও নাশকতার ঘটনায় নগরীতে এ পর্যন্ত ২০টি মামলা দায়ের হলো। নগরী ছাড়াও সহিংসতার ঘটনায় চট্টগ্রাম জেলায় আরও ১১টি মামলা হয়েছে। মোট ৩১ মামলায় গত ২৪ ঘণ্টায় ৫০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এ নিয়ে নগর ও জেলায় গ্রেপ্তার আসামির সংখ্যা ৮৯৭।

নতুন মামলার বিষয়ে পাঁচলাইশ জোনের সহকারী কমিশনার আরিফ হোসেন জানান, আন্দোলনের মধ্যে নগরীর মুরাদপুরে ছাত্রলীগ কর্মীদের ছাদ থেকে ফেলে হত্যাচেষ্টার অভিযোগে একটি মামলা হয়েছে। ভুক্তভোগী ছাত্রলীগের এক কর্মী বাদী হয়ে মামলাটি দায়ের করেছেন। মামলায় ৫০ জনের নাম উল্লেখ করে অজ্ঞাত আরও ৩০ থেকে ৪০ জনকে আসামি করা হয়েছে।

গত ১৬ জুলাই মুরাদপুর এলাকায় আন্দোলনকারীদের সঙ্গে ছাত্রলীগ-যুবলীগ লীগের নেতাকর্মীদের মধ্যে কয়েক দফা সংঘর্ষ হয়। এতে তিনজনের প্রাণহানি এবং আহত হয় শতাধিক। সংঘর্ষের সময় আন্দোলনকারীদের ধাওয়ায় ছাত্রলীগের একটি গ্রুপ

মুরাদপুর মোড়ের পাশের একটি ভবনে আশ্রয় নেয়। সেখান থেকে ইট-পাটকেল নিক্ষেপ করলে আন্দোলনকারীরা সেই ভবনে হামলা করে। পরে ছাত্রলীগকর্মীরা পাঁচতলা ভবনের ছাদ থেকে পাইপ বেয়ে নিচ্ছে নামার চেষ্টা করে। এ সময় আন্দোলনকারীরা তাদের লক্ষ্য করে পাথর ছুড়তে থাকে। পরে নিচে পড়ে ১৫ ছাত্রলীগের নেতাকর্মী গুরুতর আহত হন।

মহানগর পুলিশের অতিরিক্ত উপকমিশনার কাজী মো. তারেক আজিজ জানান, কোটা সংস্কারের আন্দোলনে হত্যা, দাঙ্গা, সন্ত্রাসী কার্যক্রম ও নাশকতার ৩১ মামলায় রবিবার পর্যন্ত আরও ৫০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এ নিয়ে গত ১৩ দিনে নগর এবং জেলায় গ্রেপ্তারের সংখ্যা ৮৯৭ জন।